



ই-মেইল/জি.ই.পি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা
khulnavathq@gmail.com,
Fax-০৪১-৭৬০৭৫৮

নথি নং-২য়/৮(৩য়)১/ইটি/বিঃ পদোঃ/২০১০(অংশ-১)/

তারিখ : /০৫/২০১৯ খ্রিঃ

প্রাপক : ১। ডেপুটি/সহকারী কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট বিভাগ,
খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/পিরোজপুর/ঝালকাঠি/বরিশাল/
মাদারীপুর/শরীয়তপুর/পটুয়াখালী/বরগুনা/ভোলা/
শুঙ্গ স্টেশন, ভোমরা/খুলনা এলসি স্টেশন, খুলনা।

বিষয় : কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনায় কর্মরত তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের বিভাগীয় পদোন্নতি/টাইমস্কেল প্রদানের লক্ষ্যে ডিপিএসি কমিটির সভা অনুষ্ঠান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, কাস্টম, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনায় কর্মরত তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের বিভাগীয় পদোন্নতি এবং টাইমস্কেল প্রদানের লক্ষ্যে আগামী ১৩/০৫/২০১৯ খ্রিঃ তারিখ বেলা-১১.০০ ঘটিকায় অত্র কমিশনারেট ভবনে ডিপিএসি কমিটির সভা অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০২। এমতাবস্থায়, আপনার অধীন বিভাগীয় দপ্তর/বিভাগীয় দপ্তরাধীন সার্কেলে কর্মরত বিভাগীয় পদোন্নতি গ্রহণ ইচ্ছুক ও টাইমস্কেল প্রাপ্য কর্মচারীগণের বিগত ০৫ (পাঁচ) বছরের বার্ষিক গোপনীয় অনুবেদনসহ শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত ফটোকপি ও চাকুরীবহি বিশেষ বাহক মারফত আগামী ০৯/০৫/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, সদর দপ্তর, খুলনার জনপ্রশাসন শাখায় পৌঁছে দেয়ার নির্দেশ প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।

০৩। উল্লেখ্য, এতদসঙ্গে সংযুক্ত খসড়া গ্রেডেশন তালিকার বিষয়ে কারও কোন আপত্তি/অভিযোগ থাকলে সে বিষয়েও লিখিতভাবে জানানোর জন্য বলা হলো।

০৪। বিষয়টি অতীব জরুরী বিবেচ্য।

স্বাক্ষর

(মুহাম্মদ রাশেদুল আলম)

অতিরিক্ত কমিশনার

ও

সভাপতি

বিভাগীয় পদোন্নতি কমিটি,

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা

সংযুক্তি : ----- পাতা।

নথি নং-২য়/৮(৩য়)১/ইটি/বিঃ পদোঃ/২০১০(অংশ-১)/ ২৫২২ (১৪-২৫)

তারিখ : ০৭/০৫/২০১৯ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

১. সহকারী প্রোগ্রামার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সদর দপ্তর, খুলনা (তাকে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনার ওয়েবসাইট (www.khulnavat.gov.bd)-এ আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
২. পি এ টু কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সদর দপ্তর, খুলনা

(মুহাম্মদ রাশেদুল আলম)
অতিরিক্ত কমিশনার
১৫/০৫/১৯